৭/৮/২০০৫

ভোরের কাগজ

তারিখ ...........................
পৃষ্ঠা ১৬ কলাম ৪.....

শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন

# নতুন এমপিওভুক্ত শিক্ষকরা মে থেকে সরকারি বেতন-ভাতা পাবেন

**কাগজ প্রতিবেদক :** বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নতুন এমপিওভুক্ত শিক্ষকরা চলতি বছরের মে মাস থেকে সরকারি বেতন-ভাতা উত্তোলন করতে পারবেন। শিক্ষা মন্ত্রণালয় থেকে গত রোববার জারি হওয়া এক প্রজ্ঞাপনে এ কথা বলা হয়েছে। প্রজ্ঞাপনে ব্যাংকগুলোতে অবিলম্বে নতুন এমপিওভুক্তদের তালিকা প্রেরণের জন্যও নির্দেশ দেওয়া হয়েছে।

প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে ২৪ আগস্ট ২০০০ তারিখের পূর্বে নিয়োগকৃত শিক্ষাজীবনের যে কোনো স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগধারী শিক্ষকদের নিয়োগ রীতিশুদ্ধভাবে হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাইয়ের পর রীতিবহির্ভূতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও তালিকা থেকে বাদ এবং তাদেরকে প্রদত্ত বেতন-ভাতার সরকারি অংশের টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রসঙ্গত, এবার পূর্ব থেকে এমপিওভুক্তদের সঙ্গে নতুনদের টাকা ব্যাংকে পাঠানো হয়। কিন্তু পরে নতুনদের নিয়োগ সংক্রান্ত কাগজপত্র যাচাই-বাছাইয়ের প্রশ্নে ব্যাংকগুলোতে তালিকা পাঠানো হয়নি। ফলে নতুন এমপিওভুক্তরা এতোদিন বেতনের টাকা উত্তোলন করতে পারেননি।

শিক্ষক সমিতি ফেডারেশন নতুন এমপিওভুক্ত শিক্ষকদের সরকারি বেতন-ভাতা উত্তোলনের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করায় শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম এবং মহাপরিচালক ড. আয়েশা খাতুনকে ধন্যবাদ জানিয়েছে।